প্রেস রিলিজ
১০ সেপ্টেম্বর ২০২৫

# বিপসট ও বাউবির মধ্যে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস সাপোর্ট অপারেশন ট্রেনিং (বিপসট) এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর মধ্যে বিজ্ঞান, শিক্ষা, গবেষণা ও বৃত্তি ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে একটি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুরে অবস্থিত বিপসট-এর আয়োজনে আজ ১০ সেপ্টেম্বর ২০২৫, বুধবার এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (অতিঃ দাঃ) অধ্যাপক মোঃ আনিছুর রহমান এবং বিপসট-এর পক্ষে স্বাক্ষর করেন ডেপুটি কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাফিজুল ইসলাম খান, বীর প্রতীক। এ সময় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম-এর নেতৃত্বে প্রতিনিধি দলের মধ্যে উপস্থিত ছিলেন, প্রো-উপাচার্য (শিক্ষা) প্রফেসর ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, সহযোগী অধ্যাপক ড. মোঃ আদনান আরিফ সালিম, যুগ্ম-পরিচালক ড. মোঃ শওকত আলী প্রমুখ। উপাচার্য প্রফেসর ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, "এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বিপসট-এর মধ্যে শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম আরও সমৃদ্ধ হবে। এর ফলে উভয় প্রতিষ্ঠানের শিক্ষার্থী, গবেষক ও প্রশিক্ষণার্থীরা সমানভাবে উপকৃত হবে।" অন্যদিকে বিপসট-এর কমান্ড্যান্ট মেজর জেনারেল হুসাইন মুহাম্মদ মশিহুর রহমান, এসজিপি, এসপিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি-এর নেতৃত্বে উপস্থিত ছিলেন সিনিয়র ইন্সট্রাক্টর-১ কর্নেল কাজী নাদির হোসেন, এএফডব্লিউসি, পিএসসি, জি+ ও লেফটেন্যান্ট কর্নেল শেখ মোঃ মুরাদ হোসেন, পিএসসি, এসি, জিএসও-১ (ট্রেনিং)।

**মোঃ খালেকুজ্জামান খান**
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮